

উদ্ভাবনী প্রকল্প পরিকল্পনা

প্রকল্পের নাম-সংক্ষেপ

- ১.০ প্রকল্পের শিরোনাম : Real-time Water Quality Monitoring Using IoT  
 ২.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
 ২.২ বাস্তবায়নকারী সংস্থা : মৎস্য অধিদপ্তর  
 ৩.০ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা : একটি এপস ডিজিটিক ভাষ্যমান স্মার্ট ডিভাইস তৈরীকরণ  
 ১. DO, PH, Ammonia, TDS, Salinity, Temperature ও Ultrasonic Depth sensor ব্যবহার করে একটি শানির গুণগুণ পরিমাপক যন্ত্র তৈরী করা হবে যার মাধ্যমে তাত্ক্ষনিকভাবে শানির বিভিন্ন প্যারামিটারের মান পাওয়া যাবে।  
 ২. একটি মোবাইল এপস তৈরী করা হবে যা যন্ত্রের সাথে সংযুক্ত Aerator ও Air-pump কে নিয়ন্ত্রন করবে।  
 ৩. ফলে চাষিগণ তাত্ক্ষনিক গুণগুণের শানির অবস্থা সম্পর্কে সতর্ক থাকবে এবং সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।
- ৪.০ প্রকল্পের বাস্তবায়নকাল  
 ক) শুরুর তারিখ : ২৩-০৪-২০২১ খ্রি.  
 খ) সমাপ্তির তারিখ : ৩১-১০-২০২১ খ্রি.
- ৫ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় :  
 (লক্ষ টাকায়)  
 মোট : ২.০  
 জিওবি : ২.০  
 নিজস্ব অর্থ : ০০.০০  
 অন্যান্য : ০০.০০

৬.০ অর্থায়নের ধরণ ও উৎস:


ধরণ	উৎস	জিওবি	নিজস্ব অর্থায়ন	অন্যান্য (উল্লেখ করতে হবে)
মূল		০.০০	০০.০০	০০.০০
অনুদান/সহায়তা		২.০	০০.০০	০০.০০
ইকুইটি		০.০০	০০.০০	০০.০০
অন্যান্য (উল্লেখ করতে হবে)		০.০০	০০.০০	০০.০০
মোট		২.০	০০.০০	০০.০০

৭.০ প্রকল্পের পাইলটিং এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা
চট্টগ্রাম	নোয়াখালী	বেগমগঞ্জ
মোট-১	১	১

৮.০ প্রাক্কলিত ব্যয়ের বিভাজন (লক্ষ টাকায়):

বিবরণ	জিওবি	নিজস্ব অর্থায়ন	অন্যান্য
PH Sensor	৬০০০/-		
TDS Sensor	৫৫০০/-		
DO Sensor	৪৩০০০/-		
Temperature Sensor	৩০০০/-	০	০
Arduino Mega	৩৪০০০/-		
Raspberri Pi	১২৫০০/-		
Display	৩০০০/-		
Mini Router	৪০০০/-		
ওয়েবসাইট তৈরী	২৭০০০/-		
সার্ভার তৈরী	৪০০০০/-		
এপস তৈরী	১৫০০০/-		
অন্যান্য	৭০০০/-		
মোট	২০০০০০/-		

  
 (মোঃ আলমগীর হোসেন)  
 সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
 ই-মেইলঃ [alamgirazadee@gmail.com](mailto:alamgirazadee@gmail.com)

# সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

বেগমগঞ্জ, নোয়াখালী।

শিরোনাম: IoT ভিত্তিক পানির গুণাগুণ পরিমাপক আর্ট ডিভাইস

## পানির গুণাগুণ সম্পর্কে জানার প্রয়োজনীয়তাঃ

মাছের ভালভাবে বেঁচে থাকা এবং সঠিকভাবে বৃদ্ধি পাওয়া পানির গুণাগুণের উপর অনেকাংশে নির্ভরশীল। পুকুরের পানি যদি মাছের বেঁচে থাকা ও বৃদ্ধির জন্য উপযোগী না হয় তবে মাছ সঠিকভাবে বৃদ্ধি পাবে না। এমনকি কোন কোন ক্ষেত্রে মাছ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে এবং মারাও যেতে পারে। তাই লাভজনক ভাবে মাছ চাষ করতে হলে পুকুরের পানির গুণাগুণ সম্পর্কে ধারণা থাকা একান্ত জরুরী। একজন মৎস্য চাষীর যদি পানির গুণাবলী সম্পর্কে সঠিক ধারণা থাকে তাহলে জলাশয়ের পানির সার্বিক অবস্থা দেখে বুঝতে পারবে যে উক্ত পানি মাছের জন্য উপযোগী না অনুপযোগী। পানির গুণাবলীর সামান্য পরিবর্তনের কারণে অল্প সময়ের মধ্যে পুকুরের সব মাছ মারা যেতে পারে। তাই পানির গুণাবলী সম্পর্কে সঠিক ধারণা ও অভিজ্ঞতা থাকলে চাষি বুঝতে পারবেন যে পানিতে কি ধরণের সমস্যা হয়েছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মারাত্মক ক্ষতির হাত থেকে রক্ষা পেতে পারেন।

